

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহন পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০২২.১৮-৫৩

তারিখঃ ২৬ মাঘ, ১৪২৭
০৯ ফেব্রুয়ারি, ২০২১

বিষয়ঃ শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পক্ষে/বিপক্ষে মামলাসমূহ পরিচালনার জন্য বেসরকারি আইনজীবী হিসেবে মেয়াদ বৃদ্ধি।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, তাঁর কর্তৃক দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে এ সংক্রান্ত সকল আনুষ্ঠানিকতা পালনক্রমে নিম্নবর্ণিত শর্তসমূহের আলোকে তাঁকে বেসরকারি আইনজীবী হিসেবে মনোনয়নের জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:


শর্তসমূহ:

- (১) আইনজীবী হিসেবে যোগদানের তারিখ হতে তার (আইনজীবির) মনোনয়ন পরবর্তী ০২ (দুই) বছরের জন্য বলবৎ থাকবে;
- (২) আইনজীবী হিসেবে কর্ম সম্পাদনে অনিহা প্রকাশ করতে চাইলে বা মনোনয়ন প্রত্যাহার করতে চাইলে কমপক্ষে এক মাস পূর্বে আবেদন করবে;
- (৩) আইনজীবী হিসেবে নিয়োজিত থাকাকালীন তার (আইনজীবী) দ্বারা সম্পাদিত কাজের বিপরীতে সরকার নির্ধারিত ফি প্রাপ্ত হবেন এবং অতিরিক্ত কোন আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না;
- (৪) সরকারি স্বার্থ পরিচালনাকারী মন্ত্রণালয়/বিভাগসমূহের দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে তিনি (আইনজীবী) বাধ্য থাকবেন এবং নির্ধারিত ছক অনুযায়ী মাস শেষে (পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে) তথ্যাদি এ বিভাগে (টিএমইডি) দাখিল করবেন;
- (৫) কোন মামলা অথবা সকল মামলা সরকারি স্বার্থে অন্য কোন আইনজীবির নিকট হস্তান্তরের প্রয়োজনীয়তা দেখা দিলে নির্দেশনা মতে মামলা/মামলাসমূহ (প্রয়োজনীয় কাগজপত্র) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের মনোনীত আইনজীবির নিকট হস্তান্তর করতে বাধ্য থাকবেন;
- (৬) প্রয়োজনীয়তা দেখা দিলে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অন্য কোন আইনজীবির পরিচালনাধীন যে কোন মামলা/মামলাসমূহ পরিচালনার নিমিত্ত হস্তান্তর করা হলে উক্ত মামলা/মামলাসমূহ সরকার পক্ষে পরিচালনা করতে বাধ্য থাকবেন;
- (৭) শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে নিয়োজিত থাকাকালীন সরকারি মামলার বিষয়ে মামলার প্রতিপক্ষকে কোনরূপ মতামত প্রদান করবেন না এবং মন্ত্রণালয়/বিভাগের প্রতিপক্ষে কোন মামলা পরিচালনা করতে পারবেন না;
- (৮) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আইনজীবী হিসেবে দায়িত্ব পালনকালে পেশাগত অদক্ষতার কারণে/আন্তরিকতার অভাবে/ইচ্ছাকৃত ত্রুটির কারণে সরকার ক্ষতির সম্মুখীন হলে উক্ত ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন;
- (৯) চেম্বার/বাসার যোগাযোগ ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর পরিবর্তন হলে তিনি (আইনজীবী) তাৎক্ষণিকভাবে এ বিভাগের (টিএমইডি'র) আইন শাখাকে লিখিত এবং মৌখিকভাবে অবহিত করবেন;
- (১০) পরিচালনাধীন মামলার (আদালতের ধার্য তারিখের কার্যক্রম) কার্যক্রম একটি রেজিস্টারে লিপিবদ্ধ করবেন;
- (১১) সরকার প্রয়োজন মনে করলে ০৭ (সাত) দিন পূর্বে নোটিশ (কারণ উল্লেখক্রমে/কারণ উল্লেখ ব্যতিরেকে) প্রদান সাপেক্ষে এ নিয়োগের (প্যানেল আইনজীবী) অবসান ঘটাবেন;
- (১২) প্রয়োজনীয়তা দেখা দিলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা অনুযায়ী এ বিভাগে উপস্থিত হয়ে মামলার বিষয়ে পরামর্শ দিতে তিনি (আইনজীবী) বাধ্য থাকবেন; এবং
- (১৩) জরুরি প্রয়োজনীয়তা দেখা দিলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের চাহিদা অনুযায়ী মামলা সংক্রান্ত তথ্য টেলিফোনের মাধ্যমে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আইন শাখাকে দিতে বাধ্য থাকবেন।

চলমান পাতা-০২

০২. এমতাবস্থায়, বিজ্ঞ আইনজীবী কর্তৃক তাঁর আবেদনের সাথে সংযুক্ত ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে উল্লিখিত ১৩(তের) টি শর্তানুযায়ী বিজ্ঞ আইনজীবী শেখ শফিক মাহমুদ পুষ্পকে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের বিজ্ঞ প্যানেল আইনজীবী হিসেবে ০৫.১১.২০২০ খ্রি. তারিখ হতে (গণনাপূর্বক) পরবর্তী দুই বছরের জন্য নির্দেশক্রমে মেয়াদ বৃদ্ধি করা হলো।

সংযুক্তি: (ক) বিভিন্ন আইটেম অনুযায়ী নির্ধারিত ফি ০১ (এক) পাতা; এবং
(খ) যোগদানপত্র/সম্মতিপত্র -০১ (এক) পাতা।


(মোঃ আঃ খালেক মিয়া)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৯৫৭৫২৭২

জনাব শেখ শফিক মাহমুদ পুষ্প
৪৩৯/৬, আতর বিবি লেন মালিবাগ
ঢাকা (হাইকোর্ট চেম্বার: রুম নং-৪৪২ এনেক্স {৩য় তলা}, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অতিরিক্ত সচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
৬. হিসাবরক্ষণ/সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. অফিস কপি।